বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি আগের চেয়ে উন্নত: অর্থ উপদেষ্টা



সংগৃহীত ছবি

অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ বলেছেন, বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি আগের তুলনায় অনেক উন্নত হয়েছে। তিনি করপোরেট খাতের আর্থিক স্বচ্ছতা, অর্থপাচার, সাংবাদিকতার মানোন্নয়ন ও প্রতিষ্ঠানের উদ্যোগী ভূমিকা নিয়ে বক্তব্য রাখেন।

অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ মনে করেন, দেশের অনেক কোম্পানি আয়-ব্যয়ের ক্ষেত্রে নানা জটিলতা বা 'তেলেসমাতি' করে থাকে। এ প্রসঙ্গে তিনি বলেন, যারা দেশ থেকে টাকা পাচার করেছে তারা অনেক দক্ষতার পরিচয় দিয়েছে।

সোমবার (২৯ সেপ্টেম্বর) বিকেলে ইকনোমিক রিপোর্টার্স ফোরামের (ইআরএফ) উদ্যোগে আয়োজিত 'ফাইন্যান্সিয়াল ট্রান্সপারেন্সি ইন করপোরেট সেক্টর' শীর্ষক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন।

তিনি উল্লেখ করেন, অন্তর্বর্তী সরকারের সব কাজ নিখুঁত বলা যাবে না। তবে ইতিবাচক দিক হলো—বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি আগের তুলনায় এখন উন্নত হয়েছে।

এ ছাড়া তিনি সাংবাদিকতার মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। তার মতে, এ খাতে দক্ষতা বৃদ্ধির পাশাপাশি প্রতিষ্ঠানগুলোকে আরও উদ্যোগী হতে হবে। পরে তিনি ইআরএফ ইনস্টিটিউট-এর নামফলক উন্মোচন করেন।